**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/3/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল 3.2 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প কক্সসাকি স্টেট বোট লঞ্চ (COXSACKIE STATE BOAT LAUNCH) এবং রিভারসাইড পার্ক (RIVERSIDE PARK) আপগ্রেড করার জন্য প্রদান করার ঘোষণা করেন

***পুনরুজ্জীবিত ওয়াটারফ্রন্ট পার্ক গ্রীন কাউন্টি গ্রামের চলমান পুনর্নবীকরণকে সমৃদ্ধ করবে; পানি-ভিত্তিক অ্যাক্সেস এবং অভিজ্ঞতা আরো সমৃদ্ধ করবে***

**নতুন মনোনীত হাডসন ঈগলস বিনোদন এলাকার ছবিগুলি দেখুন**

গ্রিন কাউন্টির হাডসন নদীতে কক্সসাকি স্টেট বোট লঞ্চ এবং রিভারসাইড পার্ক পুনরুজ্জীবিত করার জন্য গভর্নর ক্যাথি হোচুল আজ 3.2 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প ঘোষণা করেছেন। এই প্রকল্পটি হাডসন ঈগলস বিনোদন এলাকার (Hudson Eagles Recreation Area) অধীনে পুনর্নবীকরণ করা প্রথম রাজ্যের নৌকা লঞ্চ হবে, যা আলবেনি এবং কিংস্টনের মধ্যে হাডসন নদীর বন্য অঞ্চলে জনসাধারণের প্রবেশাধিকার এবং স্থিতিস্থাপকতা উন্নয়নের উদ্যোগ এবং এই অঞ্চলের ওয়াটারফ্রন্ট সম্প্রদায়ের সাথে যোগাযোগ বৃদ্ধি করবে।

"আলবেনি থেকে কিংস্টন পর্যন্ত হাডসন নদীর 60-মাইলের বিস্তৃত আপার হাডসন নদীর মোহনা, একটি বৈশ্বিকভাবে গুরুত্বপূর্ণ পরিবেশগত এবং বিনোদনমূলক সম্পদ," **গভর্নর হোচুল বলেন।** "হাডসন ঈগলস বিনোদন এলাকা এমন অন্য একটি গন্তব্য তৈরি করার সুযোগ দেয় যা অন্য কোন গন্তব্যের মত নয়, একটি পানি-ভিত্তিক রৈখিক পার্ক যা হাডসন নদীর দিকে আরো মানুষকে আকর্ষণ করবে এবং কক্সসাকি গ্রাম থেকে শুরু করে ওয়াটারফ্রন্ট ও জলপথে ভ্রমণকারীদের আরও ভালভাবে সম্প্রদায়গুলির সাথে সংযুক্ত করবে। এছাড়াও, হাডসনের পূর্ব উপকূলে ফেরি ল্যান্ডিং ফিশিং অ্যাক্সেস সাইটের নতুন উন্নতিগুলি ইতিমধ্যেই আরও বেশি স্থানীয় বাসিন্দা এবং দর্শনার্থীদের একইভাবে নদীতে নবীয়ে এনেছে প্রকৃতির অভিজ্ঞতা নিতে।"

গভর্নর হোচুল কলম্বিয়া কাউন্টির স্টুয়েভেস্যান্টের শহরে হাডসন নদীতে ফেরি ল্যান্ডিং ফিশিং অ্যাক্সেস সাইটের উন্নতির জন্য 900,000 মার্কিন ডলারের কাজের সমাপ্তির ঘোষণা করেছেন, যা হাডসন ঈগলস বিনোদন এলাকা প্রকল্পের পরিপূরক। এই জনপ্রিয় সাইট মাছ ধরার জন্য জনসাধারণকে প্রবেশাধিকার প্রদান করে হাডসন রিভার ন্যাশনাল এস্টুয়ারিন রিসার্চ রিজার্ভের (Hudson River National Estuarine Research Reserve) স্টকপোর্ট কম্পোনেন্ট সাইটের মধ্যে।

কক্সসাকি স্টেট বোট লঞ্চ এবং রিভারসাইড পার্কের সংস্কার, যা গ্রামের কেন্দ্রীয় পাবলিক স্কোয়ার হিসাবে কাজ করে, গ্রামের চলমান পুনর্জাগরণকে সমৃদ্ধ করবে। নির্মাণ 7 সেপ্টেম্বর শুরু হবে এবং 2022 সালের বসন্তের মধ্যে শেষ হবে। নির্মাণের সময় সাইটে জনসাধারণের প্রবেশ বন্ধ থাকবে।

সাইটের উন্নতিগুলির মধ্যে থাকবে:

- নতুন ওপেন-এয়ার প্যাভিলিয়ন সাপ্তাহিক কৃষক মার্কেট এবং অন্যান্য বিশেষ অনুষ্ঠানের জন্য ব্যবহৃত হবে
- সাইট জুড়ে নতুন গাছ, ল্যান্ডস্কেপিং এবং বসার জায়গা থাকবে
- ওয়াটারফ্রন্ট এবং ডাউনটাউনের মধ্যে উন্নত বাইক এবং পথচারীদের সংযোগ থাকবে, তার সাথে পথচারীদের জন্য সাইটে চলাচল উন্নত করতে নতুন ফুটপাত থাকবে
- নতুন স্বাগত, পথনির্দেশক এবং স্থিতিবিন্যাসকারী চিহ্ন, যার মধ্যে আছে নৌকার জন্য জলমুখী সাইট শনাক্তকরণ চিহ্ন, ব্যাখ্যামূলক চিহ্ন এবং অন্যান্য সাইট উপাদানসমূহ স্থানীয় ইতিহাস এবং হাডসন নদীর পরিবেশগত পুন:সংস্কারগুলি নজরে আনার জন্য
- বাস্কেটবল কোর্টের সংস্কার

প্রকল্পটি নতুন ভাসমান গ্যাংওয়ে এবং ডক দিয়ে বিদ্যমান নৌকা লঞ্চের সংস্কার ও আধুনিকায়ন করবে যাতে লঞ্চ করা সহজ হয়; একটি নতুন ADA-অনুবর্তী কায়াক লঞ্চ; এবং ক্ষণস্থায়ী নৌবাহকদের জন্য বাঁধার ব্যবস্থার স্থান যোগ করা হয়েছে। পরিবেশগত উন্নতিগুলির মধ্যে রয়েছে জলবাহী আক্রমণাত্মক প্রজাতির বিস্তার কমাতে একটি নতুন নৌকা ধোয়ার স্টেশন, ঝড়ের জল নিয়ন্ত্রণের জন্য একটি রেইন গার্ডেন, বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন এবং LED আলোকসজ্জার ফিক্সচারসমূহ।

হাডসন ঈগলস বিনোদন এলাকা একটি নতুন রাজ্য বিনোদন এলাকা নির্ধারণ করে, যা পানি-ভিত্তিক অ্যাক্সেস এবং অভিজ্ঞতার উপর দৃষ্টি নিবদ্ধ করে। উদ্যোগের অধীনে, কক্সসাকি স্টেট বোট লঞ্চ, শোডাক আইল্যান্ড স্টেট পার্ক, ক্রেইলো স্টেট হিস্টোরিক সাইট, এথেন্স স্টেট বোট লঞ্চ, হাডসন স্টেট বোট লঞ্চ - নামে আরো পাঁচটি রাজ্যের নৌযান লঞ্চ আপগ্রেড করা হবে, যা নৌচালনা, মাছ ধরা এবং বন্যপ্রাণী পর্যবেক্ষণের জন্য পরিষেবা প্রসারিত করবে।

পিকনিক এলাকা, গেজেবো, পর্যাপ্ত আসন ব্যবস্থা, এবং কাছাকাছি স্থানীয় সুবিধাসমূহের সাইনবোর্ড সহ পকেট পার্ক সুবিধা যোগ করা হবে। উপরন্তু, কিংস্টনে, নিউ ইয়র্ক রাজ্য সিনিক হাডসনের সাথে অংশীদারিত্ব করছে হাডসন নদীর উপর একটি নতুন 500 একরের স্টেট পার্ক তৈরি করার জন্য। সাইটগুলি শেয়ার করা ব্র্যান্ডিং, শিক্ষাগত উপকরণ এবং ওয়েবসাইটের সাথে সংযুক্ত করা হবে। ভবিষ্যতে উন্নতি 3 বিলিয়ন মার্কিন ডলারের *মাদার নেচার বন্ড আইন পুনরুদ্ধার করুন* এর ভোটারদের অনুমোদনের উপর নির্ভর করে যা 2022 সালে ব্যালটে অন্তর্ভুক্ত হবে।

"এই প্রকল্পটি হাডসন নদীর বিনোদনমূলক এবং শিক্ষাগত সম্ভাবনাকে উন্নত করার জন্য একটি উত্তেজনাপূর্ণ প্রথম পদক্ষেপ," **রাজ্য পার্ক (State Parks) কমিশনার এরিক কুলসেইড বলেন।** "নিউ ইয়র্ক রাজ্যের বায়ু ও পানি পরিষ্কার করার এবং খোলা জায়গা রক্ষা করার কাজ, হাডসন রিভার ভ্যালিতে বল্ড ঈগলের সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণ হয়েছে। হাডসন ঈগলস

বিনোদন এলাকা এই অসাধারণ পরিবেশগত সাফল্য উদযাপন করবে, সক্রিয় বিনোদনমূলক গোষ্ঠীর প্রবেশাধিকার উন্নত করবে, স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে এবং আরো নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাকৃতিক জগতের কদর করতে ও সুরক্ষিত রাখতে অনুপ্রাণিত করবে।"

"হাডসন নদীর মাছ এবং বন্যপ্রাণীর চিত্তাকর্ষক বৈচিত্র্য এবং রাজকীয় প্রাকৃতিক দৃশ্য মৎস শিকারীদের তার পানির দিকে আকৃষ্ট করে, মৌশম যাই হোক না কেন" **বলেন পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস।** "আজ ঘোষিত ফেরি ল্যান্ডিং ফিশিং অ্যাক্সেস সাইটের আপগ্রেডগুলি সকল দক্ষতার মৎস শিকারীদের হাডসন নদীতে নিরাপদ এবং সুবিধাজনক প্রবেশাধিকার প্রদান করবে। এই উন্নয়নগুলি সব দর্শকদের আরও ভালভাবে পরিষেবা প্রদান করার জন্য প্রস্তুত করা হয়েছে যারা নিউ ইয়র্কের দুর্দান্ত বহিরঙ্গনের আনন্দ উপভোগ করতে চান এবং এই দর্শনীয় প্রাকৃতিক সম্পদ উপভোগ করার জন্য নদীর সামনে আরও বেশি দর্শনার্থীদের নিয়ে এসে হাডসন ঈগলস বিনোদন এলাকাকে পরিপূর্ণ করতে চান।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department Of Environmental Conservation, DEC) ফেরি ল্যান্ডিং ফিশিং অ্যাক্সেস সাইটে উন্নতিগুলি**

ফেরি ল্যান্ডিং ফিশিং অ্যাক্সেস সাইটের জন্য তহবিল প্রদান করা হয়েছিল রাজ্যের অ্যাডভেঞ্চার NY উদ্যোগের (Adventure NY initiative) মাধ্যমে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে প্রকৃতির সাথে সংযুক্ত করতে। আপগ্রেডগুলি দর্শনার্থীদের নিরাপদ, অ্যাক্সেসযোগ্য মাছ ধরার সুযোগ প্রদান করবে উপকূলের অব্যাহত ভাঙন রোধ করতে সহায়তা করার সাথে। বর্ধিতকরণের মধ্যে রয়েছেঃ

- একটি নতুন 61 ফুট দীর্ঘ 10 ফুট চওড়া অ্যাক্সেসযোগ্য স্থায়ী মাছ ধরার ঘাটের নির্মাণ
- নদীর পূর্ব তীর বরাবর বিদ্যমান কাঠের বাল্কহেডকে আরো শক্তিশালী করা
- রাস্তার আরও ক্ষয় রোধ করতে এবং তীর সংলগ্ন অতিরিক্ত বাসস্থান প্রদানের জন্য সাইটের দক্ষিণ পাশে একটি 315 ফুট টেকসই উপকূলরেখার ব্যবস্থা

কক্সসাকি গ্রামের মেয়র মার্ক ইভান্স বলেন, "রিভারসাইড পার্কে একটি অতি প্রয়োজনীয় সংস্কারের কাজ দেখে কক্সসাকি গ্রামটি খুবই খুশি। নতুন প্যাভিলিয়ন, সম্প্রসারিত ডক স্পেস, কায়াক লঞ্চ এবং উন্নত ওয়াকওয়েগুলি এমন কিছু জিনিস যা বাসিন্দারা বছরের পর বছর ধরে আমাদের বলেছিলেন যে তারা পার্কে যোগ হতে দেখতে চান। এটি ইতিমধ্যেই সফল সাপ্তাহিক কৃষকের বাজার, রিভারসাইড ফেস্টিভাল, পার্ক সিরিজের সাপ্তাহিক সঙ্গীতকে উত্সাহিত করবে এবং ডক ও ডাউনটাউনে আরো নৌকা এবং জলযানের ট্র্যাফিক তৈরি করবে।"

ইভান্স আরও বলেছিলেন "আমরা আমাদের সাথে কাজ করার জন্য এবং আমাদের বৈশিষ্ট্য এবং নকশায় ইনপুট দেওয়ার অনুমতি দেওয়ার জন্য রাজ্যের উদ্যানগুলিকে ধন্যবাদ জানাতে চাই। এই আপগ্রেডটি পরবর্তী প্রজন্মের জন্য পার্কের আরও অ্যাক্সেস এবং সম্প্রসারিত ব্যবহারের অনুমতি দেবে এবং ডাউনটাউন কক্সসাকি এলাকায় ঘটে যাওয়া ওয়াটারফ্রন্টের পুনরায় বিকাশের সাথে সম্পর্ক স্থাপন করবে।"

**সিনেটর মিশেল হিনচি বলেন,** "কক্সসাকি রাজ্যের নৌকার লঞ্চ এবং রিভারসাইড পার্ককে তার পূর্ণ সম্ভাবনায় পুনরুজ্জীবিত করা একটি গুরুত্বপূর্ণ প্রচেষ্টা যা আমাদের অঞ্চলের প্রকৃতি-ভিত্তিক ক্রিয়াকলাপগুলির অবিশ্বাস্য পরিসরে জনসাধারণের প্রবেশাধিকার বাড়িয়ে তুলবে এবং আমাদের স্থানীয় ব্যবসায়িক সম্প্রদায়ের সাথে অর্থনৈতিক সম্পর্ককে শক্তিশালী করবে। এখন আগের চেয়ে অনেক বেশি, আমরা আমাদের পার্ক এবং বিনোদনের স্থানগুলির অপরিসীম মূল্যকে আমাদের উচ্চতর সম্প্রদায়ের স্বাস্থ্য এবং কল্যাণ এবং আমাদের অঞ্চলের সামগ্রিক অর্থনৈতিক ও পরিবেশগত জীবনীশক্তিকে এগিয়ে নেওয়ার ক্ষেত্র হিসাবে স্বীকৃতি দিই। আমি আনন্দিত যে এই প্রকল্পটি এগিয়ে চলেছে তাই এই সুন্দর জমি এবং নদীর প্রসার আমাদের গ্রীন কাউন্টি সম্প্রদায় আগামী বছর পর্যন্ত উপভোগ করতে পারে।"

**সংসদ সদস্য ক্রিস টেগ বলেন,** "এই প্রকল্পটি একটি স্বাগত প্রকল্প যা কক্সসাকি রাজ্যের নৌকার লঞ্চ এবং রিভারসাইড পার্কের উপযোগিতা এবং উপভোগ্যতা বাড়িয়ে তুলবে পুরো অঞ্চলের পরিবারদের জন্য, এবং এটিকে ক্ষয়ের জন্য আরও স্থিতিস্থাপক করে তুলতে হবে যাতে ভবিষ্যতের প্রজন্ম তাদের যা প্রদান করার আছে তা উপভোগ করতে পারে। আমি বিশেষভাবে একটি প্যাভিলিয়ন যোগ করার জন্য উচ্ছ্বসিত যা পার্কটিকে কৃষকদের বাজার এবং অন্যান্য বিশেষ অনুষ্ঠান আয়োজনের বৃহত্তর ক্ষমতা দেবে, যা সম্প্রদায়কে একত্রিত হওয়ার এবং স্থানীয় কৃষক, কারিগর এবং ব্যবসায়ীদের কী প্রস্তাব দেওয়ার আছে তা দেখার সুযোগ দেবে।"

**জন লিপসকম্ব, রিভারকিপার (Riverkeeper) টহলদারী নৌকার ক্যাপ্টেন এবং অ্যাডভোকেসির ভাইস প্রেসিডেন্ট বলেন,** "নদীর রক্ষক রিভারসাইড পার্কের উন্নতি এবং কক্সসাকিতে নৌকা চালানোর জন্য নিউ ইয়র্ক রাজ্যের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। এই উন্নতিগুলি, এবং উপরের হাডসন নদীর মোহনার জন্য পরিকল্পিত অনুরূপ প্রকল্পগুলি, নিউ ইয়র্ক রাজ্যের পার্কের একটি সত্যিকারের মহান উদ্যোগের সমান - হাডসন ইগলস বিনোদনের এলাকা তৈরির জন্য। একবার বাস্তবায়িত হলে, বিনোদনের এলাকা হাডসন নদীর মোহনার উত্তর তৃতীয়াংশের বন্যের জন্য অনেক বেশি অ্যাক্সেস এবং জনসাধারণের প্রশংসা বৃদ্ধি করবে। এটি, পরিবর্তে, আরও প্রয়োজনীয় পরিবেশ ও বাস্তুতন্ত্রগত সুরক্ষার জন্য বৃহত্তর জনসচেতনতা এবং সহায়তা তৈরি করবে। এটা চমত্কার যখন জনসাধারণ এবং যে নদীকে আমরা সকলে ভালবাসি উভয়েই একই সাথে উপকৃত হয়। এই গুরুত্বপূর্ণ রাজ্যের উদ্যোগকে যে কোনো উপায়ে সম্ভব আমরা সমর্থন করব তা সম্পর্কে রিভারকিপর উন্মুখ।"

**সিনিক হাডসনের সভাপতি নেড সুলিভান বলেন,** "হাডসন ঈগলস বিনোদনের এলাকা কিংস্টন এবং আলবেনির মধ্যবর্তী হডসন নদীর প্রসারিত প্রাকৃতিক বাসস্থান এবং দর্শনীয় নৈসর্গিক গুণমানকে তুলে ধরেছে। হাডসন ইগলস বিনোদনের এলাকাকে জনসাধারণের কাছে আরও সহজলভ্য এবং উপভোগ্য করার জন্য পরিকাঠামোতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের ক্ষেত্রে নিউ ইয়র্ক রাজ্যের পার্কের অফিসের (New York State Office of Parks) কাজকে সিনিক হাডসন (Scenic Hudson) প্রশংসা করে।"

কক্সসাকি রাজ্যের নৌকার লঞ্চের প্রকল্পটি NY পার্কস 100 উদ্যোগের (NY Parks 100 initiative) অংশ, যা 2024 সালে স্টেট পার্কস অ্যাক্টের শতবর্ষ উপলক্ষে চার বছরে 440 মিলিয়ন মার্কিন ডলারের একটি মূলধন বিনিয়োগ। NY পার্কস 100 এর লক্ষ্য হল জনবহুলতার মোকাবেলা করা,

অপ্রতুল সম্প্রদায়ের পরিদর্শনকে উত্সাহিত করা, স্থানীয় বিনোদন এবং পর্যটনের বৃদ্ধি করা এবং পরিবেশগত ও ঐতিহাসিক সম্পদকে রক্ষা করা।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক রাজ্যের অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক পথ, গলফ কোর্স, নৌকার লঞ্চ এবং আরও অনেক কিছু তত্ত্বাবধান করে, যা বার্ষিক 78 মিলিয়ন মানুষ দেখতে যান। এই বিনোদন এলকাগুলির যেকোনোটির বিষয়ে আরও তথ্যের জন্য, দেখুন *www.parks.ny.gov*, ডাউনলোড করুন বিনামূল্যের *NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপ* অথবা কল করুন 518.474.0456 এ। এছাড়াও, *ফেসবুক*, *ইন্সটাগ্রাম* এবং *টুইটারে* সংযুক্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন